



## ডীন এর কার্যালয়

সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

Web: [www.hstu.ac.bd](http://www.hstu.ac.bd)

স্মারক নং: হাবিপ্রবি/ডিন/এসএসএইচ/ ৮৩৮

তারিখ: ১৮/০৮/২০২১

### অনলাইনে সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদের লেভেল-1, সেমিস্টার-I এন্ট্রি ফরম পূরণের বিজ্ঞপ্তি


এ বিশ্ববিদ্যালয়ের সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদের জানুয়ারী-জুন ২০২০ সনের লেভেল-1, সেমিস্টার-I এর সকল ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ১৮/০৮/২০২১ ইং হতে ২৯/০৮/২০২১ ইং তারিখের মধ্যে অনরোলমেন্ট এর জন্য এন্ট্রি ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.hstu.ac.bd](http://www.hstu.ac.bd) থেকে সংগ্রহ করার পর ভর্তির সময় প্রদানকৃত সর্বশেষ ডকুমেন্টের কপি সহ এন্ট্রি ফরম [dean.ssh@tch.hstu.ac.bd](mailto:dean.ssh@tch.hstu.ac.bd) এই ইমেইলে প্রেরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, অনরোলমেন্ট ব্যতীত কেউ অনলাইনে সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া যে সকল ছাত্র-ছাত্রী লেভেল-1, সেমিস্টার-I এ পুনঃভর্তি হয়েছেন তাদেরকে আগামী ১৮/০৮/২০২১ ইং হতে ২৯/০৮/২০২১ ইং তারিখের মধ্যে অনরোলমেন্ট এর জন্য এন্ট্রি ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.hstu.ac.bd](http://www.hstu.ac.bd) থেকে সংগ্রহ করার পর বাংলাদেশের যে কোন ব্যাংক থেকে অনলাইনে রূপালী ব্যাংক হাবিপ্রবি শাখা-এর হিসাব নং- ৫০৭৪০১০০১৬৯৭৬ তে টাকা জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার সময় জমা দানের রশিদে শিরোনাম হিসেবে “হাবিপ্রবি অনলাইন সেমিস্টার ফি” লিখতে হবে। ব্যাংকে অনরোলমেন্ট ফি প্রদান করে জমা দানের রশিদ সহ [dean.ssh@tch.hstu.ac.bd](mailto:dean.ssh@tch.hstu.ac.bd) এই ইমেইলে প্রেরণ করার জন্য বলা হলো। পরবর্তী ৩১/০৮/২০২১ ইং তারিখ থেকে পর্যন্ত ১০০/= (একশত) টাকা বিলম্ব ফি দিয়েও এন্ট্রি ফরম জমা দেওয়া যাবে কিন্তু ৩১/০৮/২০২১ ইং তারিখ এর পর ইমেইলে প্রেরণ করলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, অনরোলমেন্ট ব্যতীত কেউ অনলাইনে সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

বিভাগ	লেভেল	সেমিস্টার	ক্রেডিট আওয়ার X ১৫০/-	বিলম্ব ফি ছাড়া	বিলম্ব ফিসহ মোট
ইংরেজী বিভাগ	1	1	১৫	২৯৯৫/-	৩০৯৫/-
অর্থনীতি বিভাগ	1	1	১৬.৫	৩২২০/-	৩৩২০/-
সমাজবিজ্ঞান বিভাগ	1	1	১৯.৫	৩৬৭০/-	৩৭৭০/-
ডেভেলপমেন্ট স্টাডিজ	1	1	১৫.৫	৩০৭০/-	৩১৭০/-

বিভিন্ন লেভেলের যে সকল ছাত্র-ছাত্রী লেভেল-1, সেমিস্টার-I এর কোন কোর্সে F গ্রেড Recovery কিংবা C ও D গ্রেড Improvement দিতে ইচ্ছুক তাদের অনরোলমেন্ট করার ক্ষেত্রে বর্ণিত তারিখ পর্যন্ত সময় নির্ধারিত থাকবে এবং তারা প্রতি ক্রেডিট এর জন্য ১৫০/= টাকা হারে বাংলাদেশের যে কোন ব্যাংক থেকে অনলাইনে রূপালী ব্যাংক হাবিপ্রবি শাখা-এর হিসাব নং- ৫০৭৪০১০০১৬৯৭৬ তে টাকা জমা দিতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.hstu.ac.bd](http://www.hstu.ac.bd) থেকে এন্ট্রি ফরম সংগ্রহ করার পর এন্ট্রি ফরম এ Repeat Examination-2020 লিখবে। ব্যাংকে টাকা জমা দানের রশিদ সহ এন্ট্রি ফরম [dean.ssh@tch.hstu.ac.bd](mailto:dean.ssh@tch.hstu.ac.bd) এই ইমেইলে প্রেরণ করার জন্য বলা হলো।

বিঃদ্র:

\* ইমেইলে প্রেরণ করার সময় এর বিষয় (Subject) এ “Student ID \_ Level\_ Semester” লিখবেন এবং অনরোলমেন্ট ফরমটিতে “Student ID” দিয়ে নামকরণ করবেন। সেই সাথে ব্যাংকে টাকা জমা রশিদটিও “Student\_ID \_ BankDeposit” নামে নামকরণ করবেন।

  
ডীন

সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. ড্রেজারার, হাবিপ্রবি।
২. বিভাগীয় চেয়ারম্যান, হাবিপ্রবি।
৩. রেজিস্ট্রার, হাবিপ্রবি।
৪. পরিচালক (হিসাব), হাবিপ্রবি।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, হাবিপ্রবি।
৬. আইটি সেল (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রকাশের জন্য), হাবিপ্রবি।
৭. পি. এস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি।
৮. অফিস নথি।